APEEJAY
SURRENDRA
PARK HOTELS

Date: August 15, 2026

Listing Manager, **National Stock Exchange of India Limited** Exchange Plaza, 5th Floor Plot No. C-1, Block G, Bandra Kurla Complex, Bandra (E) Mumbai – 400051, India Symbol: PARKHOTELS ISIN No.: INE988S01028	**BSE Limited** **Corporate Relationship Department** 1st Floor, New Trading Ring Rotunda Building, Phiroze Jeejeebhoy Towers, Dalal Street, Fort Mumbai – 400001, India Scrip Code: 544111 ISIN No.: INE988S01028

Subject: Newspaper Advertisement- Un-audited (Standalone and Consolidated) Financial Results for the first quarter (Q1) and three months ended on June 30, 2026

Respected Sir/Ma'am,

Pursuant to Regulation 47 of Securities Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed copies of the newspaper advertisement published in The Economic Times (English) and in Ei Samay (Bangla) on Saturday, August 15, 2026, relating to Un-audited (Standalone and Consolidated) Financial Results for the first quarter (Q1) and three months ended on June 30, 2026.

This will also be posted on the Company's website at https://www.theparkhotels.com.

This is for your information and records.

Thanking you.

Yours sincerely,
For **Apeejay Surrendra Park Hotels Limited**

Shalini Keshan
(Company Secretary and Compliance Officer)
Membership No.: ACS-014897

Encl: As above

SAT Allows Zee, Goenka to Proceed with Warrant Issue

Tribunal gives one more week for issue; Nod subject to both appellants depositing full Sebi penalty

Our Bureau

Mumbai: The Securities Appellate Tribunal (SAT) Friday allowed Zee Entertainment Enterprises (ZEEL) and chief executive Punit Goenka to proceed with a proposed issue of about ₹3,143 crore in fully convertible warrants to a promoter group entity, providing interim relief to the company.

A division bench comprising presiding officer Justice PS Dinesh Kumar and technical members Meera Swarup and Dheeraj Bhatnagar, however, made the relief conditional, stating it is subject to both appellants depositing the full penalty levied last month by the Securities & Exchange Board of India (Sebi) within a week.

"Admittedly, the investment proposal has been approved by 76.64% of public shareholders and about 96% of the shareholders are public shareholders," said the tribunal in its order. "With the allotment of warrant issue, the Company is likely to get an investment of about ₹3,100 crore. In view of the fact that public shareholders hold about 96%, we believe that a further issue of fully convertible warrants via the preferential warrant route will be beneficial to the public shareholders," said the tribunal.

The appellate tribunal also clarified that the timeline for issuing the warrants, slated to expire on August 14, is extended by one week from the day of passing the order.

On July 31, Sebi barred Zee Entertainment, its founder Subhash Chandra and Punit Goenka from the securities market for one year each and also imposed a total penalty of ₹1.48 crore over allegedly unauthorised pledge of the company's land in Hyderabad to secure loans taken by promoter-linked Essel Group entities.

In the same order, the capital market regulator fined ZEEL ₹30 lakh and prohibited the company from accessing the securities market for two months.

On the day of Sebi's order, in a separate development, ZEEL secured shareholders' approval to raise ₹3,144 crore by issuing convertible warrants to its promoter group, with 76.64% of votes backing the resolution.

Before the tribunal's order, Zee, through its counsel, argued that once the company's shareholders approved the warrants, the resolution became binding upon the appellants to proceed in accordance with the ICDR (Issue of Capital and Disclosure Requirements) framework.

In this case, senior advocates Ravi Kadam, Zal Andhyarujina and PN Modi appeared for Zee and Goenka, respectively, along with Nitesh Jain and Shruti Rajan of Trilegal.

AI CEO-designate Holds First Meetings with Senior Execs

Press Trust of India

New Delhi: Tewolde Gebremariam, who is set to take over the reins of Air India next month, held meetings with senior airline executives this week during his first visit to India after being appointed as CEO and MD, according to officials.

Gebremariam, an aviation industry veteran and former chief of Ethiopian Airlines Group, will take over from Campbell Wilson as the CEO and MD.

The officials said Gebremariam visited the national capital and Mumbai and held meetings with senior executives of the airline and Tata Group.

He will be taking charge of the Tata Group-owned airline at a time when it is working on ambitious expansion plans amid multiple external headwinds.

Tewolde Gebremariam

On August 5, Air India announced the appointment of Gebremariam after a comprehensive search, overseen by a dedicated board committee.

Gebremariam comes with nearly four decades of experience at Ethiopian Airlines Group, including as its CEO for over 11 years. Currently, he is serving as a Senior Strategic Advisor to Delta Airlines, as well as the IFC/ World Bank Group. Tata Group took over Air India from the government in January 2022, and later Singapore Airlines acquired a 25.1% stake in the airline.

Delhi Master Plan Nod Set to Give Real Estate a Fillip

Faizan Haidar

New Delhi: The national capital's real estate sector could receive a much-needed push following the approval of the Delhi Master Plan 2047 by the Delhi Development Authority (DDA), said industry executives and experts.

The plan, which has been sent to the housing and urban affairs ministry for final approval and subsequent notification, is likely to provide clarity on the development of farm houses as well.

"We would welcome greater clarity on the Green Development Area and farmhouse policy in due course, and are hopeful that clearance comes through smoothly, so the momentum this approval has built doesn't lose steam," said Amit Goyal, managing director, India Sotheby's International Realty.

The master plan was stuck for more than four years in bureaucratic limbo, and during that time Delhi lost a precious opportunity to move towards its goal of becoming a world-class capital, said executives.

"Circle rates haven't moved since 2014, unauthorised colonies have filled the planning vacuum, the Green Development Area sat frozen and that has let unregulated farmhouses mushroom. Developers simply voted with their feet toward Gurugram and Noida," Goyal said.

The master plan gives Delhi a future-ready framework to work with, and the parallel move to ease the Unified Building Bye-Laws, cutting down no-objection certificate (NOC) requirements, is a first step toward ease of doing business here.

DDA has said the master plan will guide the future growth and development of the national capital.

"The true value of the master plan for Delhi lies in its swift approval and formal notification by the Union Ministry of Housing and Urban Affairs. Key interventions such as establishing workable boundaries along the Yamuna floodplain, unlocking vertical and mixed-use potential across multiple peripheral villages under the Green Development Area framework and enabling redevelopment rights in ageing government colonies directly address Delhi's acute land scarcity," said Ankita Sood, national director — research, Knight Frank India.

However, the real operational game changer is the removal of separate departmental clearances for pollution, fire, water and forest, according to her.

রক্ষাকবচের মেয়াদ বাড়ল সুমিতের

এই সময়, নয়াদিল্লি: শালবনির জমি দুর্নীতি এবং ডেবরায় টাকার বিনিময়ে চাকরি পাইয়ের নামে প্রতারণার মামলায় সুমিত রায়ের অন্তর্বর্তী রক্ষাকবচের মেয়াদ বাড়াল সুপ্রিম কোর্ট। ডায়মন্ড হারবারের তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের পিএ সুমিতের হয়ে শুক্রবার শীর্ষ আদালতে আইনজীবী গোপাল শঙ্করনারায়ণন যুক্তি দেন, শীর্ষ আদালতের নির্দেশ মেনে তাঁর মক্কেল প্রতিদিন সকাল ১০টার আগে ভবানী ভবনে তদন্তকারীদের জিজ্ঞাসাবাদের মুখোমুখি হচ্ছেন। গত ৮ দিনে ছ'বার সুমিতকে তলব করা হয়েছে এবং প্রতি বারই নির্ধারিত সময়ে হাজিরা দিয়েছেন তিনি। এরপরেই সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্য কান্তের নেতৃত্বাধীন বেঞ্চ সুমিতের রক্ষাকবচের মেয়াদ বাড়ানোর সিদ্ধান্ত নেয়। পাশাপাশি সুমিতের বিরুদ্ধে চলতে থাকা তদন্তের অগ্রগতি সম্পর্কে এ দিন বিস্তারিত তথ্য জানতে চেয়েছে শীর্ষ আদালত। রাজ্যের তরফে সলিসিটর জেনারেল তুষার মেহতা জানান, আগামী সোমবারের মধ্যে তিনি সুপ্রিম কোর্টে তদন্তের অগ্রগতি সম্পর্কে রিপোর্ট পেশ করবেন। এর পরেই বিচারপতিরা জানান, আগামী বুধবার ১৯ অগস্ট হবে এই মামলার পরবর্তী শুনানি।

সব্যসাচী কেস: হাজিরা দিলেন অভিযোগকারী

এই সময়: তৃণমূলের প্রাক্তন বিধায়ক সব্যসাচী দত্তের বিরুদ্ধে তোলাবাজি সংক্রান্ত মামলায় মূল অভিযোগকারীকেই এ বার তলব করল ইডি। মধুসূদন চক্রবর্তী নামে সেই অভিযোগকারী শুক্রবার ইডি দপ্তরে এসে হাজিরা দেন। সূত্রের দাবি, বেশ কিছু তথ্যপ্রমাণ, অডিয়ো ও ভিডিয়ো রেকর্ডিং নিয়ে এ দিন ইডি দপ্তরে যান মধুসূদন। ইডি সূত্রে খবর, মধুসূদনের দায়ের করা তোলাবাজি ও হুমকির মামলায় বিধাননগর উত্তর থানার হাতে আগেই গ্রেপ্তার হন সব্যসাচী। সেই ঘটনায় ইডি আলাদা মামলা রুজু করে তদন্ত শুরু করে। সব্যসাচী-ঘনিষ্ঠ একাধিক ব্যবসায়ীর বাড়িতে কিছুদিন আগে তল্লাশি অভিযান চালায় ইডি। মধুসূদন এ দিন ইডি দপ্তরে ঢোকার আগে জানান, কেন্দ্রীয় এজেন্সির তদন্তকারীরা তাঁকে তলব করেছেন। তাঁর দাবি, ২০১৮-তে তৃণমূল সরকারের জমানায় তোলাবাজির অভিযোগ দায়ের করেছিলেন তিনি। তবে পুলিশ তখন পদক্ষেপ করেনি। পালাবদলের পরে ফের তিনি পুলিশে অভিযোগ জমা দিলে মামলা দায়ের করে তদন্ত শুরু হয়।

বকেয়া ডিএ: কোর্টে শিক্ষকরা

এই সময়: রোপা রুলস-২০০৯ অনুযায়ী রাজ্যের শিক্ষক, পুরকর্মী-সহ অন্যান্য আধা সরকারি কর্মীরা এখনও পাননি মহার্ঘ ভাতা (ডিএ)। সুপ্রিম কোর্টে এই সংক্রান্ত আইনি লড়াই জারি থাকার মাঝেই এ বার বকেয়া ডিএ-র দাবিতে সরাসরি কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলো নিখিল বঙ্গ শিক্ষক সমিতি (এবিটিএ)। বিচারপতি অমৃতা সিনহার এজলাসে এই মর্মে একটি নতুন মামলা দায়ের করেছে শিক্ষক সংগঠনটি। ২০ অগস্ট মামলাটি শুনানির জন্য উঠতে পারে। মামলায় দাবি, রোপা ২০০৯-এর আওতায় 'গ্রান্ট-ইন-এইড' কর্মীদের প্রাপ্য মহার্ঘ ভাতা দীর্ঘদিন ধরে বকেয়া পড়ে রয়েছে। তার মধ্যেই হাইকোর্টে দায়ের হওয়া এই মামলায় রাজ্যের কাছে ওই কর্মীদের বকেয়া ডিএ মিটিয়ে দেওয়ার আর্জি জানানো হয়েছে।

ভাদু খুনে মুম্বই থেকে ধৃত ১

এই সময়: বীরভূমের বগটুইয়ে ভাদু শেখ খুনের ঘটনায় সিবিআইয়ের হাতে গ্রেপ্তার হলো আরও এক অভিযুক্ত। ধৃতের নাম মাসাদ শেখ। ২০২২-এ ভাদু খুনের ঘটনায় এফআইআর দায়েরের পর থেকে পলাতক ছিল মাসাদ। শুক্রবার মুম্বইয়ের ভরত নগর থেকে তাকে সিবিআই গ্রেপ্তার করেছে। ট্রানজিট রিমান্ডে তাকে নিয়ে আসা হচ্ছে। বীরভূম জেলার বগটুইয়ে ২০২২-এর ২১ মার্চ খুন হন ভাদু শেখ। প্রথমে জেলা পুলিশ ও পরে সিআইডি তদন্ত শুরু করে। ২০২২-এর ৮ এপ্রিল কলকাতা হাইকোর্টের নির্দেশে মামলা সিবিআইয়ের হাতে যায়। ২০২২-২৩-এ রামপুরহাট আদালতে মাসাদ শেখ-সহ ন'জনের বিরুদ্ধে চার্জশিট ও সাপ্লিমেন্টারি চার্জশিট দেয় ইডি।

কালীঘাটে ফাঁড়ি

এই সময়: কালীঘাট মন্দির চত্বর ও দর্শনার্থীদের নিরাপত্তার জন্য আলাদা ফাঁড়ি তৈরি করছে কলকাতা পুলিশ। একজন ইনস্পেক্টর পদমর্যাদার পুলিশ আধিকারিকের নেতৃত্বে ২০ জন পুলিশকর্মী থাকবেন কালীঘাটের পুলিশ ফাঁড়িতে। এঁদের মধ্যে দু'জন সাব ইনস্পেক্টর এবং সার্জেন্ট পদমর্যাদার আধিকারিক থাকবেন। থাকবেন আট জন কনস্টেবল এবং পাঁচ জন মহিলা কনস্টেবল। কালীঘাট থানার আওতায় থাকবে এই ফাঁড়ি।

জেন জ়ি মন পেতেই স্কলারশিপ নীতি বদল?

এই সময়: 'নিট'-ইস্যুতে জেন জ়ি আন্দোলন এবং তার জেরে প্রাক্তন শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের ইস্তফা— সাম্প্রতিক এই নজিরবিহীন রাজনৈতিক ডামাডোলের মাঝেই পড়ুয়াদের ক্ষোভ প্রশমনে বড়সড় পদক্ষেপ করল কেন্দ্রীয় সরকার। রাজনৈতিক মহলের একাংশের বক্তব্য, দীর্ঘদিন ধরে স্কলারশিপের টাকা না পাওয়া বা নিয়মের বেড়াজালে প্রাপ্যের অধিকার থেকে বঞ্চিত হওয়াটা দেশব্যাপী 'ককরোচ আন্দোলনে' পড়ুয়াদের স্বতঃস্ফূর্ত যোগদানের প্রধান কারণগুলির অন্যতম। সেই পুঞ্জীভূত ক্ষোভের আগুন নেভাতেই এ বার ন্যাশনাল স্কলারশিপ পোর্টালে (এনএসপি) গুরুত্বপূর্ণ রদবদল আনল সরকার। ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে পুরোনো 'ওয়ান স্টুডেন্ট ওয়ান স্কলারশিপ' নীতির সম্পূর্ণ অবলুপ্তি ঘটিয়ে 'ওয়ান স্টুডেন্ট-মাল্টিপল স্কলারশিপস' নীতি চালু হতে চলেছে। এর ভিত্তিতে প্রয়োজনীয় ম্যাচিং অর্ডার বা বিজ্ঞপ্তি প্রকাশ করেছে রাজ্য উচ্চশিক্ষা দপ্তরও। স্বাভাবিক ভাবেই রাজনৈতিক মহলে প্রশ্ন উঠেছে, তা হলে কি পড়ুয়াদের ক্ষোভ প্রশমনেই এমন পদক্ষেপ করল মোদী সরকার?

ভারত সরকারের ক্যাবিনেট সেক্রেটারিয়েট ও উচ্চশিক্ষা দপ্তরের জারি করা নির্দেশিকা অনুযায়ী, স্কলারশিপগুলিকে মূলত 'মেধা-ভিত্তিক' (মেরিট-বেসড) এবং 'কল্যাণমূলক' (ওয়েলফেয়ার-বেসড)— এই দু'টি সুস্পষ্ট শ্রেণিতে ভাগ করা হয়েছে। নতুন নিয়মে দ্ব্যর্থহীন ভাষায় জানানো হয়েছে যে, কোনও যোগ্য পড়ুয়া যদি

উদ্যোগ কেন্দ্রের

আর্থ-সামাজিক কারণে বা নির্দিষ্ট সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হওয়ার সুবাদে একটি কল্যাণমূলক স্কলারশিপ পান, তবে তাঁকে মেধা-ভিত্তিক স্কলারশিপ থেকে কোনওভাবেই বঞ্চিত করা যাবে না এবং উল্টো ক্ষেত্রেও একই নিয়ম বলবৎ থাকবে। এর ফলে যোগ্য ছাত্রছাত্রীরা এখন থেকে একটি মেধা-ভিত্তিক স্কলারশিপের পাশাপাশি একাধিক কল্যাণমূলক স্কলারশিপের আর্থিক সহায়তা একসঙ্গে পাবেন। এই নিয়ম আগে ছিল না। আগে যে কোনও একটি সরকারি স্কলারশিপ পেলে আর কোনও স্কলারশিপ পাওয়ার সুবিধে ছিল না।

ছাত্রছাত্রীদের সুবিধের জন্য আবেদন প্রক্রিয়াকেও অনেক বেশি সরল করা হয়েছে। পোর্টালে প্রথমবার জমা দেওয়া সাধারণ ও অ্যাকাডেমিক তথ্য সংরক্ষিত থাকবে এবং পরবর্তী স্কলারশিপের আবেদনের সময়ে তা স্বয়ংক্রিয় ভাবে ব্যবহৃত হবে। ফলে বারবার একই তথ্য পূরণের ঝক্কি থাকবে না। এ ছাড়া ভেরিফিকেশনের ক্ষেত্রেও সংশ্লিষ্ট নোডাল অফিসাররা এক জন পড়ুয়ার সমস্ত আবেদন একসঙ্গে পোর্টালে দেখতে পাবেন, যা আবেদন মঞ্জুরির ক্ষেত্রে স্বচ্ছতা আনবে। এই কাঠামোগত পরিবর্তনের কথা জানিয়ে পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দপ্তর রাজ্যের সমস্ত কলেজ ও বিশ্ববিদ্যালয়কে নির্দেশ দিয়েছে দ্রুত পড়ুয়াদের মধ্যে এই বিষয়ে প্রচার চালাতে। 'ককরোচ আন্দোলনে'র জেরে প্রবল চাপে থাকা প্রশাসন এই নয়া স্কলারশিপ নীতির মাধ্যমে জেন জ়ি-র আস্থা ফেরাতে কতটা সফল হয়, সেটাই এখন দেখার।

রেড রোডে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখছেন পুলিশকর্তারা। শুক্রবার — এই সময়

১৫ সেক্টরে ভাগ রেড রোড

এই সময়: স্বাধীনতা দিবসে কড়া নিরাপত্তা শহরে। সম্প্রতি দু'জন জঙ্গি ধরা পড়ায় ১৫ অগস্টের জন্য বাড়তি নিরাপত্তার ব্যবস্থা করেছে লালবাজার। শুক্রবার রাত থেকেই রেড রোড নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে। থাকছে ওয়াচ টাওয়ার, ব্যারাজ ও অতিরিক্ত সিসিটিভি। বম্ব স্কোয়াড ও পুলিশ কুকুর দিয়ে চলবে তল্লাশি। রেড রোড ও ময়দানের আশপাশের কিছু রাস্তায় যানবাহন বন্ধ থাকবে। নিরাপত্তার জন্য রেড রোডকে প্রায় ১৫টি সেক্টরে ভাগ করা হয়েছে। প্রত্যেক সেক্টরের দায়িত্বে থাকবেন এক জন ডিসি পদমর্যাদার আধিকারিক। মূল দায়িত্বে থাকবেন পুলিশের অতিরিক্ত কমিশনার, ৬ জন যুগ্ম কমিশনার, ২০ জন ডিসি ও ৪০ জন অ্যাসিস্ট্যান্ট কমিশনার। মোতায়েন থাকছে ১৫০০ পুলিশ। থাকবে কলকাতা পুলিশের স্পেশাল ফোর্স ও কম্যান্ডো ও সাদা পোশাকের পুলিশ। শহর জুড়ে অতিরিক্ত ৩০০০ পুলিশ মোতায়েন থাকবে। টহল দেবে ন'টি পিসিআর ভ্যান ও তিনটি কুইক রেসপন্স টিম। ২৩টি গুরুত্বপূর্ণ রাস্তায় হবে নাকা চেকিং। শহরের হোটেলগুলিতেও কড়া নজরদারি চালাবে পুলিশ। লালবাজার সূত্রে খবর, গত কয়েক বছরে দেখা গিয়েছে, ডিউটির সময়ে অনেক পুলিশকর্মী মোবাইল দেখতে ব্যস্ত থাকছেন, প্যারেডের ছবি তুলছেন বা সেলফি তুলছেন। এ বছর সেই প্রবণতা বন্ধ করতেই থানা ও ট্রাফিক গার্ডের ওসিদের মাধ্যমে পুলিশকর্মীদের নির্দেশ দেওয়া হয়েছে, এ রকমের ঘটনা যাতে না ঘটে।



তেরঙা আলোয় সেজেছে লোকভবন

'তিরঙ্গা' কর্মসূচি ঘিরে নানা উদ্যোগ

এই সময়: স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচি চলছে রাজ্যের স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে। পড়ুয়াদের নিয়ে কুইজ, বিতর্ক এবং অঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। সমগ্র শিক্ষা মিশনের তরফে স্কুলগুলোকে জানানো হয়েছে, এই কর্মসূচির মূল লক্ষ্য হলো ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও স্থানীয় সম্প্রদায়ের মধ্যে জাতীয় ঐক্যের বার্তা ছড়িয়ে দেওয়া। দেশপ্রেমের

পাঠাতে হবে রিপোর্ট

চেতনাকে আরও সুদৃঢ় করা। স্কুলগুলিতে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সঙ্গীত 'বন্দে মাতরম' সমবেত কণ্ঠে গাওয়া, তিরঙ্গা-ভিত্তিক সচেতনতা শিবির, প্রবন্ধ প্রতিযোগিতা, ছবি আঁকা, কুইজ ও বিতর্কের মতো নানা অনুষ্ঠানের আয়োজনের পরামর্শ দেওয়া হয়েছে।

নির্দেশিকায় স্পষ্ট বলা হয়েছে, যে সমস্ত কর্মসূচিই হোক তা হবে 'ফ্ল্যাগ কোড অফ ইন্ডিয়া, ২০২৩' মেনে। পতাকার মর্যাদা ও পবিত্রতা বজায় রেখে অনুষ্ঠান পরিচালনার নির্দেশ দিয়েছেন জেলা শিক্ষা আধিকারিকরা। এ ছাড়াও, প্রতিটি অনুষ্ঠানের ছবি ও ভিডিয়ো সংরক্ষণ করতে বলা হয়েছে। যার মধ্যে 'সেলফি উইথ তিরঙ্গা'র মতো উদ্যোগও অন্তর্ভুক্ত রয়েছে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে সমস্ত অনুষ্ঠানের বিস্তারিত রিপোর্ট, ছবি ও ভিডিয়ো-সহ নির্ধারিত গুগল ফর্মের মাধ্যমে ১৬ অগস্টের মধ্যে জমা দিতে হবে। জেলা শিক্ষা আধিকারিক জানিয়েছেন, বিষয়টি 'সবিশেষ জরুরি' এবং 'সবিশেষ অগ্রাধিকারে'র ভিত্তিতে দেখার নির্দেশ দেওয়া হয়েছে।

সেন্সাসের কাজে শিক্ষকরা, ব্যাখ্যা চাইল হাইকোর্ট

এই সময়: স্কুলের পঠনপাঠন সামলে শিক্ষকদের জনগণনা বা সেন্সাস কাজে মোতায়েন করা নিয়ে রাজ্য সরকারের সিদ্ধান্তে প্রশ্ন তুলল কলকাতা হাইকোর্ট। শুক্রবার বিচারপতি কৃষ্ণা রাওয়ের এজলাসে এই মামলার শুনানিতে শিক্ষক-শিক্ষিকাদের বাস্তব সমস্যার কথা তুলে ধরে রাজ্যের কাছে ব্যাখ্যা চায় আদালত। গোটা বিষয়টি নিয়ে আরও পরিকল্পনা করে এগোনোর পরামর্শও কোর্ট দিয়েছে রাজ্যকে। আদালতের পর্যবেক্ষণ, বিকেল ৪টেয় স্কুল ছুটি হওয়ার পরে শিক্ষকদের বাড়ি ফিরতে হয়। অথচ জনগণনার কাজের জন্য তাঁদের যেতে হচ্ছে স্কুলের বাইরের এলাকায়। বাড়ি থেকে ৪০ বা ৫০ কিলোমিটার দূরে গিয়ে কী করে এক জন শিক্ষক সেন্সাসের কাজ করবেন, তা আগে ভেবে দেখা উচিত ছিল বলে মনে করে আদালত। কারণ, সারা সপ্তাহ কাজের শেষে হাতে বাকি থাকে শুধু রবিবার। ফলে স্কুলের কাজ এবং জনগণনার দায়িত্ব একসঙ্গে সামলানো কতটা বাস্তবসম্মত, তা নিয়ে প্রশ্ন তুলেছে আদালত।

বিচারপতি রাওয়ের পর্যবেক্ষণ— 'শিক্ষকরা অতিরিক্ত দায়িত্ব নিতে আপত্তি করছেন না। কিন্তু একসঙ্গে স্কুলে পড়ানো এবং জনগণনার কাজ করা সম্ভব নয়। জনগণনার দায়িত্ব নিলে সেটিকে 'অন ডিউটি' হিসেবে গণ্য করার ব্যবস্থাও করতে হবে।'

> একসঙ্গে স্কুলে পড়ানো এবং জনগণনার কাজ করা সম্ভব নয়। জনগণনার দায়িত্ব নিলে সেটিকে 'অন ডিউটি' হিসেবে গণ্য করার ব্যবস্থাও করতে হবে
>
> বিচারপতি কৃষ্ণা রাও

আদালতের পরামর্শ, প্রতিটি স্কুল থেকে সব শিক্ষককে না নিয়ে পাঁচ-ছ'জনকে বেছে জনগণনার কাজে পাঠানো যেতে পারে। তাতে অন্য শিক্ষকরা স্কুলে পড়ানোর কাজ চালিয়ে যেতে পারবেন। বিচারপতির বক্তব্য, 'এ ভাবে ব্যবস্থা না করলে স্কুলের স্বাভাবিক পঠনপাঠন ব্যাহত হওয়ার আশঙ্কা রয়েছে।' রাজ্যের তরফে বিষয়টি একটু বুঝে নেওয়ার জন্য সময় চাওয়া হয়। আদালত আগামী দিনে রাজ্যকে তার ব্যাখ্যা ও গোটা বিষয়টি নিয়ে একটি সুষ্ঠু পরিকল্পনা-সহ রিপোর্ট নিয়ে আসতে নির্দেশ দেয় রাজ্যকে। মামলার শুনানি মঙ্গলবার পর্যন্ত মুলতুবি রেখেছে হাইকোর্ট।

প্রোটেকশন মানি নিতেন আইসি! ইডি-র চার্জশিট

এই সময়: কয়লা পাচার মামলায় রাজ্য পুলিশের প্রাক্তন পুলিশ ওসি মনোরঞ্জন মণ্ডলের বিরুদ্ধে সাপ্লিমেন্টারি চার্জশিট পেশ করল ইডি। শুক্রবার ইডির বিশেষ আদালতে মনোরঞ্জনকে অন্যতম অভিযুক্ত হিসেবে উল্লেখ করে ৬০ পাতার চার্জশিট পেশ করা হয়েছে বলে সূত্রের খবর।

ইডি-র দাবি, কয়লা পাচারের সিন্ডিকেটের সঙ্গে সরাসরি যোগাযোগ ছিল আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটের বুদবুদ এবং বারাবনি থানার প্রাক্তন ওসি মনোরঞ্জনের। পাচারকারীদের কাছ থেকে 'প্রোটেকশন মানি' নেওয়ার অভিযোগ রয়েছে তাঁর বিরুদ্ধে। তদন্তে আরও উঠে এসেছে, টাকার বিনিময়ে কয়লা পাচারে সরাসরি সাহায্য করেছিলেন তিনি। ক্ষমতার অপব্যবহার করে প্রায় সাত কোটি টাকা আত্মসাৎ করেছেন বলে দাবি তদন্তকারীদের।

সাপ্লিমেন্টারি চার্জশিটে ব্যাঙ্ক লেনদেনের কথাও উল্লেখ করা হয়েছে। একটি বেসরকারি ব্যাঙ্কের অ্যাকাউন্টে ৫০ লক্ষ এবং ২৫ লক্ষ টাকা জমা পড়ার বিষয়ে কয়লা পাচারকারী চিন্ময় মণ্ডলের পাঠানো টেক্সট মেসেজও তদন্তকারীদের হাতে আসে। আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটের স্পেশাল ব্রাঞ্চে প্রাক্তন অফিসার মনোরঞ্জনের স্ত্রীর ব্যাঙ্ক অ্যাকাউন্টের মাধ্যমে টাকার লেনদেন হয়েছে বলেও জানতে পেরেছে ইডি। কয়লা পাচারের ১ কোটি ৩৫ লক্ষ টাকা হাওয়ালার মাধ্যমে দিল্লিতে পাঠানোর ব্যবস্থা করে দিয়েছিলেন মনোরঞ্জনই— এমনই দাবি করেছেন তদন্তকারীরা।

কয়লা পাচার

তদন্তে উঠে এসেছে, কয়লা কারবারি চিন্ময় মণ্ডলের কাছ থেকে সরকারি টেন্ডারের ১৫ শতাংশ শেয়ার চেয়েছিলেন মনোরঞ্জন। স্ত্রীর অ্যাকাউন্টে টাকা জমা নেওয়ার পাশাপাশি একটি ফ্ল্যাটও বুক করা হয়েছিল বলে অভিযোগ। ইডির দাবি, মনোরঞ্জনের মোবাইল ফোনের হোয়াটসঅ্যাপ চ্যাট খতিয়ে দেখেও কয়লা পাচারকারীদের সঙ্গে তাঁর যোগাযোগের একাধিক তথ্য পাওয়া গিয়েছে। বেশ কয়েক জন কয়লা পাচারকারীর সঙ্গে নিয়মিত যোগাযোগ ছিল তাঁর। মনোরঞ্জনকে গ্রেপ্তারের আগে সাত বার সমন পাঠিয়েছিল ইডি। অভিযোগ, কোনও বারই তিনি হাজিরা দেননি। শেষমেশ ১৮ জুন ইডি দপ্তরে হাজির হলে তাঁকে গ্রেপ্তার করা হয়।

'যোগ্য'দের পরে পথে ফ্রেশাররাও

এই সময়: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে ৩৫ হাজারের বেশি শিক্ষক নিয়োগের মাঝপথে একাদশ-দ্বাদশে পুলিশি ভেরিফিকেশন ও কাউন্সেলিং স্থগিত করে দিয়েছে স্কুল সার্ভিস কমিশন (এসএসসি)। এর প্রতিবাদে 'যোগ্য' চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা আন্দোলনে নেমেছেন। ২০ অগস্ট করুণাময়ী থেকে বিকাশ ভবন পর্যন্ত ঐক্যবদ্ধ পদযাত্রার ডাক দিলেন নতুন আবেদনকারী বা ফ্রেশাররা। এই অভিযানে একগুচ্ছ দাবি সামনে রেখেছেন তাঁরা।

এই আন্দোলনকারীদের তরফে শিশিরকুমার দাস বলেন, 'অবিলম্বে ২০২৫-এর পরীক্ষার ওএমআর প্রকাশ, ইন্টারভিউয়ের ভিডিয়োগ্রাফি, প্রশ্নোত্তর যাচাইয়ের জন্য বিশেষজ্ঞ কমিটি গঠন, ২০১৬-র মেয়াদোত্তীর্ণ প্যানেল ও 'অসাংবিধানিক' ১০ নম্বর বাতিল এবং স্বচ্ছ নিয়োগ-সহ নানা দাবিতে এই অভিযান।' এসএসসি-র চেয়ারম্যান দুষ্মন্ত নারিয়ালা মঙ্গলবার সাংবাদিক বৈঠকে জানিয়েছিলেন, নিয়োগে স্বচ্ছতা রাখার জন্য নবম-দশম ও একাদশ-দ্বাদশে শিক্ষক নিয়োগের পাশাপাশি স্কুলে গ্রুপ-সি ও গ্রুপ-ডি শিক্ষাকর্মী নিয়োগ

উদ্বেগ এসএসসি কাউন্সেলিং স্থগিতে

পরীক্ষার দিনই সমস্ত পরীক্ষার্থীর হাতে ওএমআর-এর কপি তুলে দেওয়া হয়েছে। তাই ওএমআর নিয়ে নতুন করে আলোচনার অবকাশ নেই। যদিও ইতিমধ্যে ১৭ থেকে শিক্ষক নিয়োগে ওবিসি সংরক্ষণ ১৭ থেকে কমিয়ে ৭ শতাংশ করার ইঙ্গিত দিয়েছেন স্কুলশিক্ষা মন্ত্রী। ফলে একাদশ-দ্বাদশে মধ্যশিক্ষা পর্ষদে পুলিশ ভেরিফিকেশনের নথি জমা ও কাউন্সেলিং প্রক্রিয়া স্থগিত করে দিয়েছে কমিশন। এখন নতুন করে একাদশ-দ্বাদশের শিক্ষক নিয়োগের মেধাতালিকা রি-প্যানেল করতে হবে। পাশাপাশি নবম-দশমেও অন্তত ৩৯০০ ওবিসি সংরক্ষিত প্রার্থীকে বাদ দিয়ে তার জায়গায় সাধারণ প্রার্থীদের নথি যাচাইয়ে ডাকতে হবে।

শিশিরের বক্তব্য, 'আমরা সব বিষয়েই আদালতের দিকে তাকিয়ে রয়েছি। তবে এটা ঠিক, রাজ্য ২০১৬-এর প্রার্থীদের মেয়াদ বৃদ্ধির জন্য আদালতে গেলে ওঁদের চাকরির মেয়াদ আরও কয়েকমাস বাড়বে। কিন্তু আমাদের নিয়োগ আইনি জটিলতায় থমকে যাবে।'

ফ্লাইট ফেরাচ্ছে এয়ার ইন্ডিয়া

এই সময়: আকাশছোঁয়া জ্বালানির দাম, পাকিস্তানের আকাশ বন্ধ থাকা এবং আমেরিকা-ইরান যুদ্ধের আবহে মে মাসে ১০০টি ইন্টারন্যাশনাল ফ্লাইট বাতিল করতে বাধ্য হয়েছিল এয়ার ইন্ডিয়া। এখন ফুয়েলের দাম তুলনায় কম। এই অবস্থায় সেপ্টেম্বর থেকে বেশ কিছু ইন্টারন্যাশনাল ফ্লাইট আবার চালু করতে চলেছে তারা। শীতকালীন উড়ানসূচি থেকে এই ফ্লাইট চালু হতে পারে বলে জানা গিয়েছে। ভারত থেকে ইতিমধ্যেই মিলান, ফ্রাঙ্কফুর্ট, জুরিখ, ভিয়েনা, মেলবোর্ন, টোকিও এবং নিউ ইয়র্কে যে ফ্লাইট চলছে, তার সংখ্যাও শীতে বাড়বে বলে একটি সূত্রের খবর। ডোমেস্টিকেও ২০ থেকে ২২ শতাংশ ফ্লাইট কমাতে বাধ্য হয় এয়ার ইন্ডিয়া।